

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সূত্র : ০৬/ইফা:রাজ:/মডেল মসজিদ নিয়োগ/২০২১/১১২০

তারিখ : ১৯.০৫.২০২১ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনার নীতিমালা- ২০২১ অনুযায়ী রাজবাড়ী জেলার সদর উপজেলা মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্রের নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আহ্বী প্রার্থীগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
পেশ ইমাম	০১ (এক)	১৫,০০০/- টাকা	ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রি/দাওরায়ে হাদীস পাশ। কোনো প্রতিষ্ঠানে খতিব/মুফতি বা মুহাদ্দিস হিসেবে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ইলমে ক্বুরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপত্র। হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পবেন। আরবীতে কথা ও আরবীতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
মুয়াজ্জিন	০১ (এক)	১০,০০০/- টাকা	ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষকতা যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে মুয়াজ্জিন হিসেবে ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ইলমে ক্বুরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপত্রের অগ্রাধিকার দেওয়া হবে।
খাদেম	০২ (দুই)	৭,৫০০/- টাকা	ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষকতা যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান থেকে সনদধারী। শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদেম হিসেবে ১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী :

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) মোবাইল নম্বর (জ) শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা উল্লেখ পূর্বক উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী বরাবর আবেদন করতে হবে। আবেদনে অবশ্যই প্রার্থী পদের নাম উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রে নিম্নলিখিত কাগজপত্রসমূহ সংযুক্ত করতে হবে। (ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক নাগরিকত্ব সনদ পত্রের সত্যায়িত কপি, (খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা তিন কপি রঙ্গীন পাসপোর্ট সাইজের ছবি, (গ) চারিত্রিক সনদের মূলকপি (ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি, (চ) আবেদন পত্র উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী বরাবর আগামী ২৭/০৫/২০২১ খ্রিষ্টাব্দের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/সরাসরি দরখাস্ত পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিজনিত এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে। খামের উপরে পদের নাম লিখতে হবে।
- দাখিলকৃত দরখাস্ত যাচাই বাছাইয়ের পর আগামী ২৯/০৫/২০২১ খ্রিষ্টাব্দ তারিখে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে (লিখিত পরীক্ষা- ৫০, মৌখিক পরীক্ষা- ৩০ এবং সনদপত্র ও অভিজ্ঞতা- ২০, সর্বমোট ১০০ নম্বরের পরীক্ষা)। পরীক্ষার সময় ও স্থান পরবর্তীতে প্রার্থীর মোবাইল নম্বরে জানিয়ে দেয়া হবে।
- কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। যদি কোন প্রার্থী একাধিক পদে আবেদন করেন তাহলে তার আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমানিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- যে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- আবেদন পত্র ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজ পত্র নির্ধারিত সময়ের মধ্যে Modelmosquerajbari@gmail.com এই ই-মেইল ঠিকানায় মেইলের মাধ্যমে প্রেরণ করা যাবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ফাহিম মোঃ সায়ফ)

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

ও

সভাপতি

উপজেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি, রাজবাড়ী সদর।